সংবাদ

তারিখ ... 7 MAY 2012 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

# পাঠ্যবই কেলেঙ্কারির দায়ে ৬ মুদ্রণ প্রতিষ্ঠানকে জরিমানা

রাকিব উদ্দিন

পাঠ্যবই কেলেঙ্কারির দায়ে ছয়টি প্রকাশনা প্রতিষ্ঠানকে প্রায় ৯০ লাখ টাকা জরিমানা করেছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)। এসব প্রতিষ্ঠানের মালিক সরকারের কিনে দেয়া কাগজ, বিক্রি করে নিম্নমানের কাগজে বিনামূল্যের পাঠ্যবই (২০১২ শিক্ষাবর্ষ) মুদ্রণ করেছে। তাদের প্রতিষ্ঠানে ছাপা পাঠ্যবইয়ের মানও অনেক খারাপ। মুদ্রণে নানা অসঙ্গতি, বিভ্রাট ও অস্পষ্টতার প্রমাণ পেয়েছে এনসিটিবির তদন্ত কমিটি। জরিমানা আদায়ের পাশাপাশি অভিযুক্ত প্রেস মালিকদের বিরুদ্ধে আরও কী ধরনের শাস্তিমূলক ব্যবস্থা নেয়া যায় তা খতিয়ে দেখছে অপর একটি তদন্ত কমিটি। তবে মুদ্রণ শিল্প সমিতির দুজন শীর্ষস্থানীয় নেতা অসাধু ছয় প্রতিষ্ঠানের কর্ণধারদের রক্ষায় এনসিটিবি ও শিক্ষা মন্ত্রণালয়ে মরিয়া তদবির করছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন। জানা যায়, সম্প্রতি এনসিটিবির 'স্থায়ী উৎপাদনকারী কমিটি'

পাঠ্যবই : পৃষ্ঠা : ১৫ ক.

## পাঠ্যবই : কেলেঙ্কারির

(১ম পৃষ্ঠার পর)

বিতর্কিত ছয়টি প্রতিষ্ঠানের ভিন্ন ভিন্ন অনিয়মের ভিত্তিতে জরিমানার হার নির্ধারণ
করেছে। এই কমিটি কোন প্রতিষ্ঠান পাঠ্যবই মুদ্রণে কেলেঙ্কারি ঘটালে ওই
প্রিন্টিং প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে থাকে। কমিটির মোট
সদস্য ১০ জন। তাদের মধ্যে এনসিটিবির চারজন সদস্য, সচিব ও উর্ধ্বতন
কর্মকর্তারা রয়েছেন। তবে সংস্থার চেয়ারম্যান এ কমিটিতে নেই।
এ বিষয়ে এনসিটিবির চেয়ারম্যান প্রফেসর মোস্তফা কামালউদ্দিন 'সংবাদ'কে
বলেন, 'প্রতারণার দায়ে সাতটি প্রতিষ্ঠানের ব্যাংক গ্যারান্টির অর্থ জব্দ করতে
আগেই সংশ্লিষ্ট ব্যাংকে চিঠি দেয়া হয়েছে। ব্যাংকও গ্যারান্টির অর্থ জব্দ করেছে।
পরে স্থায়ী উৎপাদনকারী কমিটি ছয়টি প্রতিষ্ঠানের জরিমানার হার নির্ধারণ
করেছে। একটি প্রতিষ্ঠানের তদন্ত কার্যক্রম চলমান থাকায় ওই প্রতিষ্ঠানের
জরিমানার হার পরে নির্ধারণ হবে। তবে এখন ছয়টি প্রতিষ্ঠানের জরিমানার অর্থ
সরকারি কোষাগারে ট্রান্সফার (স্থানান্তর) করতে সংশ্লিষ্ট ব্যাংকে চিঠি দেয়ার
প্রক্রিয়া শুরু হয়েছে'।
অভিযুক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে আরও কী কী ব্যবস্থা নেয়া যায় সে বিষয়ে মোস্তফা
কামালউদ্দিন বলেন, 'জরিমানার সমুদয় অর্থ সরকারি কোষাগারে জমা হওয়ার
পর স্থায়ী উৎপাদনকারী কমিটিই তাদের ভাগ্য নির্ধারণ করবে। তবে সরকারের
সঙ্গে প্রতারণাকারী এসব প্রতিষ্ঠানের সহজে রক্ষা পাওয়ার সুযোগ নেই।'
জরিমানার চিত্র : পাঠ্যপুস্তক কেলেঙ্কারির জন্য ছয়টি প্রতিষ্ঠানকে মোট ৮৯ লাখ
৮৪ হাজার ৩৮৭ টাকা জরিমানা করা হয়েছে। সবকটি প্রতিষ্ঠানই রাজধানীতে
অবস্থিত। এরমধ্যে ১০ নং জয়চন্দ্র ঘোষ লেনের প্রিন্টিং ল্যান্ড অ্যান্ড
পাবলিকেশনকে ৩৭ লাখ ছয় হাজার ৭৪৯ টাকা, ৮৭/১ নং হৃষিকেশ দাস
রোডের মোল্লা আর্ট প্রেসকে পাঁচ লাখ ৬৭ হাজার ৩৯২ টাকা, ৩৪ নং আর আর
দাস রোডের লামিয়া আর্ট প্রেসকে পাঁচ লাখ ৮৫ হাজার ৯৩২ টাকা, ২৬ নং
তনুগঞ্জ লেনের সাখাওয়াত প্রেসকে ৩৩ লাখ ৪০ হাজার ৫৭৩ টাকা, ১৮/১ নং
জয়চন্দ্র ঘোষ লেনের ম্যাগনেট পাবলিকেশনসকে পাঁচ লাখ ৬৪ হাজার ৩০৮
টাকা এবং ১৬৪ নং ডিআইটি রোডের অ্যাসোসিয়েট প্রিন্টিং প্রেসকে দুই লাখ
১৯ হাজার ৪৩৩ টাকা জরিমানা নির্ধারণ করেছে এনসিটিবি।
একই ধরনের প্রতারণার অভিযোগ থাকায় ৪১/৪২ নং ইসলামপুর রোডের
আজিজ প্রিন্টিং প্রেসের মুদ্রিত পাঠ্যবইয়ের মান পরীক্ষা ও নিরীক্ষা করছে
এনসিটিবির একটি তদন্ত কমিটি। এই কমিটির প্রতিবেদনের আলোকে
পরবর্তীতে স্থায়ী উৎপাদনকারী কমিটি জরিমানার হার নির্ধারণ করবে।